দৈনিক সংবাদ

তারিখ 08 AUG 1994
পৃষ্ঠা 7 কলাম 7

58

# আজ থেকে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন

( নিজস্ব বার্তা পরিবেশক )

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণসহ তাদের চার দফা দাবি আদায়ের লক্ষ্যে আজ সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য অনশন কর্মসূচী ঘোষণা করেছে।

গতকাল রোববার জাতীয় প্রেস-ক্লাবের সামনে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের দু'দিনব্যাপী অনশন কর্মসূচীশেষে এ ঘোষণা দেয়া হয়।

বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করতে বাম গণতান্ত্রিক ফ্রন্টের নেতারা গতকাল অনশনরত শিক্ষকদের কাছে জান। বাম নেতাদের মধ্যে সিপিবি'র মুজাহিদুল ইসলাম সেলিম, বাসদের খালেকুজ্জামান ভুঁইয়া, ওয়ার্কার্স পার্টির রাশেদ খান মেনন এমপি, জাসদের শরীফ নুরুল আম্বিয়া, শ্রমিক কৃষক সমাজবাদী দলের নির্মল সেন, বাসদের আফম মাহবুবুল হক এবং ঐক্য প্রক্রিয়ার নঈম জাহাঙ্গীর উপস্থিত ছিলেন।

বাম গণতান্ত্রিক ফ্রন্টের নেতৃবৃন্দ তাদের বক্তৃতায় বলেন, জাতির স্বার্থে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করতে হবে। শিক্ষকদের ন্যায্য দাবি মানতে হবে।